

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



বাংলাদেশ প্রজেক্ট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৭/৩০ নভেম্বর ২০২০

নং ৪৬.০০.০০০০.০৪৬.২৭.০৩৬.২০২০-৯৪৮—যেহেতু, জনাব মোঃ ফারুক ইমরুল কায়েস,
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট-এর বিবুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার
মুহাম্মদ মনসুর উদ্দিন এর সাথে অসদাচরণ, দুর্ব্যবহার, অশ্রাব্য ভাষায় গালিগালাজ ও ভূমিক প্রদান
করেছেন;

যেহেতু, তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যান নির্বাচিত হবার পর থেকে পরিষদের বিভিন্ন দণ্ডের
আর্থিক বিষয়ে অনেতিক দাবী প্রতিষ্ঠিত করার চেষ্ট করে আসছেন;

যেহেতু, তিনি আদিতমারী উপজেলার পল্লী উন্নয়ন কর্মকর্তা মোছা: নূরেলা আকতার-এর সাথে
অশোভন আচরণ প্রদর্শন করেছেন;

যেহেতু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট কর্তৃক সম্পাদিত এহেন
কর্মকাণ্ড উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের মধ্যে হতাশা ও ক্ষোভের সৃষ্টি করে যাতে সার্বিকভাবে
উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নে অচলাবস্থার সৃষ্টি ও জনস্বার্থ মারাত্মকভাবে বিহ্বিত হতে
পারে;

যেহেতু, তার এ পদে বহাল থেকে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনা রাষ্ট্র বা পরিষদের
স্বার্থের পরিপন্থি; এবং

(১৩৪৫৩)
মূল্য : টাকা ৪.০০

যেহেতু, জনাব মোঃ ফারুক ইমরুল কায়েস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট-এর বিবুদ্ধে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত) এর ১৩ ধারা অনুসারে কার্যক্রম শুরু করা হয়েছে;

সেহেতু, সরকার জনস্বার্থে তাকে তার স্বীয় পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(খ)(১) ধারা অনুসারে লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ ফারুক ইমরুল কায়েস-কে আদিতমারী উপজেলা পরিষদ চেয়ারম্যান পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো এবং বর্ণিত উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান-০১ কে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য পরিষদের আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

নুমেরী জামান
উপসচিব।